

# যুগান্তর

প্রিন্ট: ২৩ জুলাই ২০২৫, ১২:১৬ পিএম

শিক্ষাঙ্গন

## মঙ্গলবারের এইচএসসি পরীক্ষা স্থগিত



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ২২ জুলাই ২০২৫, ০৩:২৬ এএম



ফাইল ছবি

ঢাকার উত্তরায় বিমানবাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় আজ মঙ্গলবারের (২২ জুলাই) এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে।

তথ্য উপদেষ্টা মাহফুজ আলম বিষয়টি নিশ্চিত করেছেন। মঙ্গলবার মধ্যরাতে তার ভেরিফায়েড ফেসবুক আইডি থেকে এ তথ্য জানানো হয়।

এদিকে নিহত বেড়ে ২১ জনে দাঁড়িয়েছে। এছাড়া বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন আরও ১৭০ জন। সোমবার রাতে এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)।



**Mahfuj Alam** ✓

19m · 🌐

অন্তর্বর্তীকালীন সরকার শিক্ষার্থীদের প্রতি দায়বদ্ধ।



**Mahfuj Alam**

21m · 🌐

শিক্ষা উপদেষ্টা মহোদয়ের সাথে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব মাহফুজ আলমের সাক্ষাত হয়েছে। আজকের এইচএসসি পরীক্ষা স্থগিত হওয়ার সিদ্ধান্ত জানিয়েছেন মাননীয় শিক্ষা উপদেষ্টা।

- এডমিন



2.6K

5 comments 429 shares



Like



Send



Share

এ হতাহতের ঘটনায় মঙ্গলবার একদিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়েছে। তবে চলমান এইচএসসি পরীক্ষা স্থগিত করা হবে কিনা তা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে লেখালেখি হচ্ছিল।

ঢাকা শিক্ষা বোর্ড জানিয়েছে, পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী মঙ্গলবারের এইচএসসি পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। সোমবার রাতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার বলেন, এখন পর্যন্ত পরীক্ষা স্থগিত হওয়ার কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। যথাসময়ে পূর্বের রুটিন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

50m ·



আজ (২২ জুলাইয়ের)  
এইচএসসি পরীক্ষা স্থগিত করা  
হয়েছে।



5.7K

578 comments 1.3K shares

সোমবার মধ্যরাতে আজকের পরীক্ষা স্থগিতের বিষয়টি জানিয়ে দেন তথ্য উপদেষ্টা। তার ফেসবুকে এনিয়ে পোস্ট দেওয়া হয়।

এতে বলা হয়, ‘শিক্ষা উপদেষ্টা মহোদয়ের সঙ্গে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মাহফুজ আলমের সাক্ষাত হয়েছে। আজকের (মঙ্গলবার) এইচএসসি পরীক্ষা স্থগিত হওয়ার সিদ্ধান্ত জানিয়েছেন মাননীয় শিক্ষা উপদেষ্টা। এডমিন।’



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়াও তার ফেরিফায়েড ফেসবুক পেজে আজকের এইচএসসি পরীক্ষা স্থগিতের বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি পোস্ট কার্ড শেয়ার করেছেন। এতে লেখা রয়েছে, ‘আজকের এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে।’

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনও এ বিষয়টি নিশ্চিত করেছে। সংগঠনটির ফেসবুক পেজে লেখা হয়, আজ (২২ জুলাইয়ের) এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে।

পরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. মামুন অর রশিদ এক জরুরি সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, রাজধানীর উত্তরার দিয়াবাড়ি এলাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্তে হতাহতের ঘটনায় মঙ্গলবারের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। তথ্য ও সম্প্রচার উপদেষ্টাকে এ তথ্য নিশ্চিত করেছেন শিক্ষা উপদেষ্টা।

মঙ্গলবার রসায়ন (তত্ত্বীয়) দ্বিতীয় পত্র, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র (মানবিক শাখা), ইতিহাস দ্বিতীয় পত্র বা গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন দ্বিতীয় পত্র এবং উৎপাদন

ব্যবস্থাপনা ও বিপণন দ্বিতীয় পত্র পরীক্ষা হওয়ার কথা ছিল।

এর আগে, গত ১০ জুলাই বন্যা পরিস্থিতির কারণে কুমিল্লা শিক্ষা বোর্ড, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের পরীক্ষা স্থগিত করা হয়েছিল। এরপর গত ১৭ জুলাই কারফিউয়ের কারণে গোপালগঞ্জ জেলার ঢাকা, মাদ্রাসা ও কারিগরি বোর্ডের আওতাধীন সব পরীক্ষাও স্থগিত করা হয়েছিল।